# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
রহমান চেম্বার (১০ তলা),
১২-১৩ মতিঝিল বা/এ ,ঢাকা -১০০০।
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫০৯৩৭ (ফ্যাক্স)।
ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF THE STAFF
DEVELOPMENT.
RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL, DHAKA-1000
PHONE: 222230303, 9550937 (Fax).
e-mail-dir.staff.bwdb@gmail.com

বিজ্ঞপ্তি নং: ৪২.০১.০০০০.০৩০.১১.০০২.২৩-১৫১-SAE(Civil)

তারিখ: ২৯-০১-২৩

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নে বর্ণিত শূন্য পদসমূহে সরাসরি জনবল নিয়গের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকত হতে অনলাইন-এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ-

| ক্র ঃ নং | ক্যাটাগরির নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা (০১-০৩-২৩ খ্রিঃ) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (পুর)/ প্রাক্কলনিক বেতন স্কেলঃ | ৪৩টি | ১৫-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে পুরাকৌশল বিষয়ে ডিপ্লোমা -ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী; তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না;এবং (খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্প্রিউটার চালনায় অভিজ্ঞতা। |

1। Online-এ আবেদনপত্র পূরণ/দাখিল এবং পরীক্ষার ফি জমাদানের সময়সীমাঃ ০১/০৩/২০২৩ খ্রিঃ (বুধবার) বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত আবেদন দাখিল এবং পরীক্ষার ফি জমা দেয়া যাবে। ০১/০৩/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে শিক্ষাগত যোগ্যতার চূড়ান্ত ফলাফল প্রাপ্ত প্রার্থীগণই কেবলমাত্র আবেদন করার যোগ্য। Appeared/চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়নি এরূপ প্রার্থীগণ কোনক্রমেই আবেদন করার যোগ্য নন।

2। বয়সসীমাঃ ০১/০১/২০২৩ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯; তারিখ: ২২-০৯-২০২২ মোতাবেক প্রার্থীদের বয়স ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। সরকারের বিদ্যমান বিধি-বিধান বা আইন বা এতদসংক্রান্ত প্রজ্ঞাপন/সার্কুলার দ্বারা বিভাগীয় প্রার্থীর সংজ্ঞা নির্ধারণ হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এস.এস.সি./সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসা পত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

3। লিখিত পরীক্ষা ও প্রবেশপত্রঃ প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নির্বাচনী লিখিত পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। নির্ধারিত সময়ের পর প্রার্থী তার User ID & Password ব্যবহার করে ছবি, রোল নম্বর, পরীক্ষার স্থান ও তারিখ সম্বলিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। লিখিত পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

4। মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষাঃ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে বিষয়ভিত্তিক ব্যবহারিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষার স্থান, তারিখ ও সময়সূচী যথাসময়ে বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উল্লেখ্য, মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

5। প্রার্থীর ছবিঃ প্রার্থীকে অবশ্যই সদ্য তোলা রঙ্গিন ছবি অনলাইনে আপলোড করতে হবে। ছবিতে কোন কালার ব্যাকগ্রাউন্ড ব্যবহার করা যাবে না। সাদা ব্যাকগ্রাউন্ডে সুস্পষ্ট মুখ মন্ডল সম্বলিত রঙ্গিন ছবি আপলোড করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, সদ্য তোলা রঙ্গিন ছবি ব্যতিত অন্য ছবি ব্যবহার করা হলে কর্তৃপক্ষ প্রার্থীর বৈধতা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

6। ডকুমেন্ট দাখিল সংক্রান্তঃ আবেদনের সময় অন-লাইনে কোন প্রমাণক ডকুমেন্ট দাখিল করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অর্থাৎ কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা কলামে উল্লিখিত সনদপত্র-নম্বরপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে। তাছাড়া, জাতীয় পরিচয় পত্র (NID), নাগরিকত্ব সনদ, প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ, বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারীকে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সংক্রান্ত যাবতীয় সনদপত্রের অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়াও, শারীরিক প্রতিবন্ধি প্রার্থীর ক্ষেত্রে প্রতিবন্ধী সংক্রান্ত সনদপত্রের অনুলিপি জমা দিতে হবে এবং মূলকপি প্রদর্শন করতে হবে।

7। ছাড়পত্র/অনাপত্তিপত্র সংক্রান্তঃ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অফিসিয়াল সীল, স্বাক্ষর ও তারিখ সম্বলিত অনাপত্তিপত্র গ্রহণ করার পর Online-এর মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী উক্ত অনাপত্তিপত্র সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

8। বিভাগীয় প্রার্থী সংক্রান্তঃ বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উপর্যুক্ত কাগজপত্রাদি সহ যথাযথ কর্তৃপক্ষের (দপ্তর প্রধান) অনুমতি গ্রহণ করতে হবে। অনুমতি গ্রহণ করার পর Online-এর মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী উক্ত অনুমতিপত্র সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

9। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন করতে এবং আবেদন দাখিলের সকল কার্যক্রম (Payment সহ) সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে। প্রয়োজনে অফিস চলাকালীন সময়ে হটলাইন নাম্বার-০২-২২২২৩০৩০৩ তে যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ সাজ্জাদ হোসেন )
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

(আবু নাসের মোঃ কাসেম)
নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।